রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ৩৩৩-আইন/২০২০/১০৮/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এর sub-section (1) ও (2), THIRD SCHEDULE এর item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথ :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।—(১)** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **‘‘আইন’’** অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);

(খ) **‘‘একাডেমি’’** অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি;

(গ) **‘‘কাস্টমস এজেন্ট’’** অর্থ আইনের section 207 এর উদ্দেশ্য পূরণকল্পে কাস্টমস স্টেশনে নিজস্ব পণ্য পরিবহনের জন্য হউক বা না হউক, কোনো যানবাহনের প্রবেশ বা প্রস্থান বা কোনো পণ্য বা ব্যাগেজের আমদানি বা রপ্তানি সংশ্লিষ্ট কার্য সম্পাদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ঘ) **"কাস্টমস সরকার"** অর্থ আইনের section 208 এর অধীন কাস্টমস এজেন্টের পক্ষে শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করিবার ক্ষমতাপ্রাপ্ত কোনো ক্লার্ক, সার্ভেন্ট বা এজেন্ট;

(ঙ) **"কাস্টমস সরকার পারমিট"** অর্থ বিধি ২৫ এর উপ-বিধি (৩) এর অধীন ইস্যুকৃত কাস্টমস সরকার পারমিট;

(চ) **"কাস্টমস স্টেশন"** অর্থ আইনের section 2 এর clause (k) এ সংজ্ঞায়িত কাস্টমস স্টেশন;

(ছ) **"কাস্টম হাউস"** অর্থ আইনের section 9 এর clause (e) অনুযায়ী ঘোষিত কাস্টম হাউস;

(জ) **"কোম্পানি"** অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২ এর দফা (ঘ) এ সংজ্ঞায়িত কোম্পানি;

(ঝ) **"গ্রাহক"** অর্থ এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি বিদেশ হইতে কোনো পণ্য আমদানি বা বিদেশে কোনো পণ্য রপ্তানি করিয়া থাকেন;

(ঞ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ট) **"ফরম"** অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত কোনো ফরম;

(ঠ) **"ফার্ম"** অর্থ Partnership Act, 1932 (Act No. IX of 1932) এর section 4 এ সংজ্ঞায়িত ফার্ম;

(ড) **"বোর্ড"** অর্থ আইনের section 2 এর clause (e) এ সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(ঢ) **"মহাপরিচালক"** অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমির মহাপরিচালক;

(ণ) **"রেফারেন্স লাইসেন্স"** অর্থ বিধি ১৭ এর অধীন প্রদত্ত রেফারেন্স লাইসেন্স;

(ত) **"লাইসেন্স"** অর্থ কাস্টমস এজেন্ট হিসাবে কার্য সম্পাদনের জন্য বিধি ১১ এর অধীন প্রদত্ত কাস্টমস এজেন্ট লাইসেন্স; এবং

(থ) **"লাইসেন্সিং কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি, আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।**―(১) এই বিধিমালার অধীন কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে একটি লাইসেন্সিং কর্তৃপক্ষ থাকিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা :―

(ক) কাস্টমস স্টেশনে কর্মরত একজন অতিরিক্ত কমিশনার বা, ক্ষেত্রমত, যুগ্ম কমিশনার, যিনি ইহার সভাপতিও হইবেন; এবং

(খ) একজন ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

৪। **লাইসেন্সিং কর্তৃপক্ষের ক্ষমতা।**―লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টমস এজেন্ট এর লাইসেন্স প্রদান, নবায়ন, সাময়িক স্থগিতকরণ, বাতিল এবং প্রযোজ্য ক্ষেত্রে, দণ্ড আরোপ করিতে পারিবে।

৫। **লাইসেন্স প্রদানে বোর্ডের পূর্বানুমতি।**―(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স প্রদান করিবার পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের বিদ্যমান লাইসেন্স সংখ্যা, বিগত ৫ (পাঁচ) বৎসরের আমদানি ও রপ্তানির পরিসংখ্যান এবং নূতন লাইসেন্স প্রদানের যৌক্তিকতা উল্লেখপূর্বক অনুমতি গ্রহণের জন্য বোর্ডে লিখিতভাবে আবেদন করিবে।

(২) বোর্ড উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহা যাচাই বাছাইপূর্বক কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনভিত্তিক নূতন লাইসেন্স প্রদানের সংখ্যা নির্ধারণ করিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক যোগ্য প্রার্থীগণকে কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রদান করিবার নিমিত্ত, বোর্ড, মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি-কে পরীক্ষা গ্রহণের অনুমতি প্রদান করিবে।

৬। **লাইসেন্স প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ।**―বিধি ৫ এর উপ-বিধি (৩) অনুযায়ী বোর্ড হইতে অনুমতি প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, লাইসেন্স প্রার্থীগণকে তফসিলের **'ফরম-ক'** বা ক্ষেত্রমত, **'ফরম-খ'** তে আবেদন করিবার জন্য অন্যূন ১০ (দশ) কার্য দিবস সময় প্রদানপূর্বক একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক ও একাডেমির ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

৭। **লাইসেন্সের জন্য আবেদন।**—(১) বিধি ৬ এ বর্ণিত প্রার্থীগণকে লাইসেন্সের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ দুই প্রস্থে মহাপরিচালক বরাবর আবেদনপত্র দাখিল করিতে হইবে, যথা:—

(ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(খ) আর্থিক স্বচ্ছলতার সপক্ষে ব্যাংকের সনদপত্র;

(গ) ট্রেড লাইসেন্সের হালনাগাদ সত্যায়িত কপি;

(ঘ) Customs Act 1969, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, আমদানি ও রপ্তানি নীতি এবং কাস্টমস প্রক্রিয়া সম্পর্কে বা বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যয়নপত্র (যদি থাকে);

(ঙ) অনূ্যন স্নাতক বা সমমানের ডিগ্রীর সনদপত্রের সত্যায়িত কপি;

(চ) আবেদনকারী নিজস্ব প্রতিষ্ঠানের জন্য আবেদনের ক্ষেত্রে, তাহার এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কাউন্সিলর বা ক্ষেত্রমত, জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অধীন নবম বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত চারিত্রিক সনদপত্র;

(ছ) আবেদনকারী কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী কোম্পানি হইলে কোম্পানির মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশনের কপি এবং Partnership Act, 1932 অনুযায়ী যৌথ মালিকানাধীন ফার্ম হইলে যৌথ কারবারের চুক্তিপত্রের সত্যায়িত কপি;

(জ) মহাপরিচালক এর অনুকূলে আবেদন ফি হিসাবে ৫ (পাঁচ) হাজার টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(ঝ) আবেদনকারীর অনুকূলে ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারি বা যৌথ মালিকানাধীন বা কোম্পানির নামে ইতঃপূর্বে এই বিধিমালার অধীন কোনো লাইসেন্স প্রদান করা হয় নাই এই মর্মে জুডিসিয়াল স্ট্যাম্পে প্রত্যায়নপত্র;

(ঞ) অফিস কক্ষ নিজস্ব হইলে মালিকানা সম্পর্কিত দলিলাদি বা ভাড়াকৃত হইলে উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি;

(ট) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি।

(২) কোম্পানি বা ফার্মের ক্ষেত্রে উপ-বিধি (১) এর দফা (ক), (ঙ), (চ) এবং (ট) এর বিধান প্রযোজ্য হইবে না।

৮। **লাইসেন্স প্রদানের জন্য আবেদনপত্র বাছাই ও পরীক্ষা গ্রহণ।**—(১) একাডেমি বিধি ৬ এ উল্লিখিত নির্ধারিত সময় অতিক্রান্ত হইবার পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্র যাচাই বাছাইপূর্বক আবেদনপত্রটি গ্রহণ বা বাতিল করিবে।

(২) একাডেমি উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে এই বিধিমালার বিধান সাপেক্ষে, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে।

৯। **পরীক্ষা পরিচালনা কমিটি গঠন, ইত্যাদি।**—(১) বিধি ৮ এর অধীন পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠিত হইবে, যথা :—

(ক) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, যিনি ইহার আহ্বায়কও হইবেন;

(খ) যুগ্ম বা অতিরিক্ত মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি;

(গ) কাস্টম হাউস, চট্টগ্রাম এর যুগ্ম কমিশনার বা অতিরিক্ত কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর সহকারী কমিশনার এর পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ একজন কর্মকর্তা;

(ঙ) সহকারী পরিচালক বা উপ-পরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) তফসিলে বর্ণিত বিষয়সমূহ সমন্বয়ে পরীক্ষার সিলেবাস প্রস্তুত করিতে হইবে এবং উক্তরূপ সিলেবাস অনুযায়ী পরীক্ষা গ্রহণ করিতে হইবে।

(৩) লিখিত পরীক্ষার সময়সীমা হইবে ৩ (তিন) ঘন্টা এবং জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ কোনো নির্দেশনা না থাকিলে পরীক্ষা পরিচালনা কমিটি নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করিতে পারিবে।

১০। **মৌখিক পরীক্ষা গ্রহণ, ইত্যাদি।**—(১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ২০ (বিশ) নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

(২) মহাপরিচালক ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবেন, যাহাতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উহার লাইসেন্স সম্পর্কিত শাখার দায়িত্বপ্রাপ্ত প্রথম সচিব উক্ত বোর্ডের অন্তর্ভুক্ত হইবেন, এবং মহাপরিচালক উক্ত বোর্ডের সভাপতি হইবেন।

(৩) একাধিক মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবার প্রয়োজন হইলে মহাপরিচালক উক্তরূপে বোর্ড গঠন করিয়া জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিবেন এবং সেইক্ষেত্রে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম এর কমিশনারকে প্রতিটি কমিটির আহ্বায়ক হিসাবে দায়িত্ব প্রদান করা যাইবে।

(৪) লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে অন্যূন ৫০ (পঞ্চাশ) শতাংশ নম্বর পরীক্ষায় উত্তীর্ণের মান হিসাবে বিবেচিত হইবে।

(৫) কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রদানের নিমিত্ত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের ব্যয় বিধি ৭ এর উপ-বিধি (১) এর দফা (জ) অধীন আদায়কৃত ফি হইতে পরিশোধ করা হইবে।

(৬) মহাপরিচালক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা সংশ্লিষ্ট কাস্টম হাউস বা স্টেশনে প্রেরণ করিবেন।

(৭) এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, নিজস্ব পণ্য খালাসের নিমিত্ত লাইসেন্স গ্রহণের জন্য আবেদনকারী প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ ব্যাতিরেকে সরাসরি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

১১। **লাইসেন্স প্রদান পদ্ধতি।**—(১) একাডেমি হইতে যোগ্য প্রার্থীদের তালিকা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ তাহাদেরকে নিম্নবর্ণিত ফিসহ দলিলাদি দাখিল করিবার নির্দেশ প্রদান করিবে, যথা :—

(ক) প্রতিষ্ঠানের মূসক নিবন্ধনের সত্যায়িত অনুলিপি;

(খ) ই-টিআইএন বা আয়কর সনদপত্র;

(গ) কাস্টম হাউসের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা এবং স্থল কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ৫ (পাঁচ) হাজার টাকার ট্রেজারি চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(ঘ) কাস্টম হাউসে কাস্টমস এজেন্ট হিসাবে কাজ করিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার এর অনুকূলে ৩ (তিন) লক্ষ টাকা এবং স্থল কাস্টমস স্টেশনে কাজ করিবার ক্ষেত্রে ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মূল্যমানের নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে নিরাপত্তা জামানত তফসিলের **'ফরম-গ'** অনুযায়ী দাখিল করিতে হইবে;

(ঙ) কাস্টম হাউসে কাস্টমস এজেন্ট হিসাবে কাজ করিবার ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা এবং স্থল কাস্টমস স্টেশনে কাজ করিবার ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) হাজার টাকার বন্ড তফসিলের **'ফরম-ঘ'** অনুযায়ী দাখিল করিতে হইবে;

(চ) লাইসেন্সের অধীন কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগের অঙ্গীকারনামা;

(ছ) প্রয়োজনীয় তথ্যপ্রযুক্তির সক্ষমতার বিবরণী;

(জ) লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সহিত দায়িত্ব পালনের অঙ্গীকারনামা;

(ঝ) বিধি ৯ এর অধীন প্রতিষ্ঠিত বিদেশি মালিকানাধীন কোম্পানি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে, কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধনের সনদপত্র।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত দলিলাদি যাচাই বাছাইপূর্বক দলিলাদি প্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে তফসিলের **'ফরম-ঙ'** অনুযায়ী কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রদান করিবে।

১২। **নিজস্ব পণ্য খালাসের জন্য লাইসেন্স প্রদান।**—কোনো ব্যক্তি তৎকর্তৃক আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য নিজস্ব প্রতিষ্ঠানের মাধ্যমে খালাস করিবার জন্য এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির সকল শর্ত পূরণপূর্বক তফসিলের **'ফরম-খ'** অনুযায়ী আবেদন করিবার পর বিধি ১০ এর উপ-বিধি (৭) অনুযায়ী মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ শুধু লাইসেন্স গ্রহণকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পণ্য খালাসের জন্য আবেদনকারীকে তফসিলের **'ফরম-ঙ'** অনুযায়ী লাইসেন্স প্রদান করিবে।

১৩। **লাইসেন্সের মেয়াদ।**—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর।

১৪। **লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিধি-নিষেধ।**—এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সম্পূর্ণ বিদেশি মালিকানাধীন কোনো প্রতিষ্ঠানকে এই বিধিমালার আওতায় লাইসেন্স প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, দেশি ও বিদেশি যৌথ মালিকানায় প্রতিষ্ঠিত কোনো কোম্পানি লাইসেন্স পাইবার যোগ্য হইবে, সেইক্ষেত্রে উক্ত কোম্পানির বিদেশি মালিক বা মালিকদের শেয়ার ধারণের পরিমাণ উক্ত কোম্পানির মোট শেয়ারের শতকরা ৪০ (চল্লিশ) এর অধিক হইবে না।

১৫। **লাইসেন্স নবায়ন।**—(১) লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবস পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কাস্টম হাউসের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা এবং স্থল কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ৫ (পাঁচ) হাজার টাকা নবায়ন ফি পরিশোধপূর্বক কাস্টমস এজেন্টকে লাইসেন্স নবায়নের জন্য নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন করিতে হইবে, যথা :—

(ক) মূল লাইসেন্সের কপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;

(গ) হালনাগাদ আয়কর সনদের কপি;

(ঘ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসক চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(ঙ) নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য মূসক পরিশোধের চালানের কপি; এবং

(চ) স্ব স্ব দপ্তর সংশ্লিষ্ট ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং (সিএন্ডএফ) এসোসিয়েশন এর সদস্যভুক্তির সনদপত্র (নিজস্ব পণ্য খালাসের জন্য লাইসেন্সের ক্ষেত্র ব্যতীত)।

(২) কাস্টমস এজেন্ট উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করিতে ব্যর্থ হইলে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সময়বৃদ্ধির আবেদন করিতে পারিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত কারণ যাচাই বাছাইপূর্বক সন্তুষ্ট হইলে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কার্যদিবস সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত দলিলাদি এবং সংশ্লিষ্ট কাস্টমস এজেন্ট এর বিগত মেয়াদের কার্যক্রম যাচাই বাছাইপূর্বক আবেদন প্রাপ্তির তারিখ হইতে ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর মেয়াদে লাইসেন্সটি নবায়ন করিবে।

(৪) লাইসেন্স নবায়নের ক্ষেত্রে রেফারেন্স লাইসেন্স হিসাবে অন্য কোনো কাস্টম হাউসের কার্যক্রম বিবেচনা করা যাইবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কারণে লাইসেন্স নবায়ন করিবে না, যথা :—

(ক) কাস্টমস এজেন্ট এর কার্যক্রম সন্তোষজনক না হইলে;

(খ) লাইসেন্স গ্রহণকারী Customs Act, 1969 এর আওতায় মিথ্যা ঘোষণাসহ আইন বহির্ভূত চালান খালাসের সহিত সংশ্লিষ্ট হইয়া উচ্চ ঝুঁকির কাস্টমস এজেন্ট হিসাবে পরিগণিত হইলে;

(গ) Customs Act, 1969, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, আমদানি ও রপ্তানি নীতি এবং শুল্কায়ন প্রক্রিয়া সম্পর্কে কাস্টমস এজেন্ট এর বাস্তব অভিজ্ঞতা সন্তোষজনক না হইলে;

(ঘ) কাস্টমস এজেন্ট এর বিরুদ্ধে শুল্কায়ন সংক্রান্ত কোনো মামলা বা সরকারি পাওনা বকেয়া থাকিলে।

(৬) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৫) এ উল্লিখিত কোনো একটি কারণে লাইসেন্স নবায়ন না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে কাস্টমস এজেন্টকে আবেদন প্রাপ্তির ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।

১৬। **লাইসেন্সের অধিক্ষেত্র।**—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের অধিক্ষেত্র হইবে লাইসেন্সে উল্লিখিত সংশ্লিষ্ট কাস্টমস বন্দর, কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন।

১৭। **রেফারেন্স লাইসেন্স।**—কোনো কাস্টমস এজেন্ট মূল লাইসেন্সে উল্লিখিত কাস্টম হাউস ব্যতীত অন্য কোনো কাস্টম হাউসের রেফারেন্স লাইসেন্স প্রাপ্তির জন্য মূল লাইসেন্সের কপি এবং বিধি ৭ এ বর্ণিত দলিলাদিসহ তফসিলের **'ফরম-চ'** অনুযায়ী আবেদন করিতে পারিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত দলিলাদি যাচাই বাছাইপূর্বক আবেদনকারীর মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে তফসিলের **'ফরম-ঙ'** অনুযায়ী রেফারেন্স লাইসেন্স প্রদান করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কাস্টমস এজেন্ট এর অন্যূন ১০ (দশ) বৎসরের কার্যক্রম পরিচালনা করিবার সন্তোষজনক অভিজ্ঞতা থাকিলে বিধি ৭ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) প্রযোজ্য হইবে না।

১৮। **লাইসেন্সের অনুলিপি প্রদান।**—(১) লাইসেন্স হারাইয়া গেলে বা যে কোনো প্রকারে নষ্ট হইলে সংশ্লিষ্ট কাস্টমস এজেন্ট ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা ফি পরিশোধপূর্বক লিখিত আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অনুলিপি প্রদান করিবে।

(২) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স হারাইয়া গেলে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরি করিতে হইবে এবং একটি জাতীয় পত্রিকায় হারানো বিজ্ঞপ্তি প্রকাশপূর্বক বর্ণিত দলিলাদির অনুলিপি আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

১৯। **লাইসেন্সের গঠনগত পরিবর্তন বা হস্তান্তরের ক্ষেত্রে বিধি-নিষেধ।**—এই বিধিমালার অধীন প্রদত্ত কোনো লাইসেন্সকে, নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত, গঠনগতভাবে পরিবর্তন করা যাইবে না বা হস্তান্তর করা যাইবে না, যথা :—

(ক) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদ্যমান লাইসেন্স Partnership Act, 1932 (Act No. IX of 1932) এবং কোম্পানি আইন, ১৯৯৪ এর আওতায় যথাক্রমে অংশীদারি প্রতিষ্ঠান বা কোম্পানিতে রূপান্তরের মাধ্যমে লাইসেন্সের গঠনগত পরিবর্তন সাধন করা যাইবে, তবে অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদার এবং কোম্পানির ক্ষেত্রে পরিচালকগণকে এই বিধিমালার অধীন যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হইতে হইবে;

(খ) কোনো কাস্টমস এজেন্ট এর মৃত্যুজনিত কারণে নিম্নরূপ ক্ষেত্রে লাইসেন্স হস্তান্তর করা যাইবে, যথা :—

(অ) উক্ত কাস্টমস এজেন্ট এর মৃত্যুর ১৮০ (একশত আশি) দিনের মধ্যে তাহার কোনো বৈধ উত্তরাধিকারী, অন্যান্য উত্তরাধিকারী, যদি থাকে, তাহাদের অনাপত্তিসহ, লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে আবেদন করিবে;

(আ) লাইসেন্সিং কর্তৃপক্ষ দফা (ক) অনুযায়ী আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে এই বিধিমালার অধীন যোগ্যতা যাচাইয়ের লিখিত পরীক্ষা গ্রহণপূর্বক উপযুক্ত বিবেচনায় কাস্টমস এজেন্ট এর বৈধ উত্তরাধিকারীর অনুকূলে লাইসেন্স হস্তান্তর করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কাস্টমস এজেন্ট এর মৃত্যুর ১৮০ (একশত আশি) দিনের মধ্যে তাহার বৈধ উত্তরাধিকারী দফা (অ) অনুযায়ী কোনো তথ্য ও আবেদন দাখিল না করিলে লাইসেন্সটি বাতিল বলিয়া গণ্য হইবে।

২০। **কাস্টমস এজেন্ট এর দায়িত্ব ও কর্তব্য।**—কাস্টমস এজেন্ট এর দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা :—

(ক) ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধি হিসাবে কাস্টমস এজেন্টকে প্রদত্ত ক্ষমতা অর্পণের পত্র কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(খ) গ্রাহক হইতে প্রাপ্ত আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি যথাযথভাবে যাচাইপূর্বক ইলেকট্রনিক বা ম্যানুয়াল পদ্ধতিতে, ক্ষেত্রমত, বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট দাখিল করিয়া যথাযথ দলিলাদিসহ [শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধান অনুযায়ী মূল্য ঘোষণা ফরমসহ] কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(গ) গ্রাহক আইন অনুযায়ী কার্য সম্পাদন করেন নাই বা কোনো দলিলে কোনো মিথ্যা তথ্য উপস্থাপন করিয়াছেন, তৎসম্পর্কে অবগত হইবার সঙ্গে সঙ্গে উহা লিখিতভাবে কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত করা;

(ঘ) কাস্টমস সংশ্লিষ্ট কার্য সম্পাদনে গ্রাহককে সঠিক তথ্য প্রদান করা;

(ঙ) পণ্য চালানের শুল্কায়ন সম্পন্ন হইবার পর পণ্যের শ্রেণিবিন্যাস (এইচ. এস. কোড), মূল্য, শুল্ক-করের পরিমাণ, প্রযোজ্য ক্ষেত্রে, সময় সময়, বলবৎ আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতির বাধ্যবাধকতাসহ অন্যান্য মৌলিক তথ্য গ্রাহককে অবহিত করা;

(চ) গ্রাহকের নিকট হইতে সরকারের কোনো পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করা এবং সরকারের নিকট হইতে গ্রাহকের পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে গ্রাহককে প্রদান করা;

(ছ) কাস্টমস কর্তৃপক্ষের কোনো কর্মে অযাচিত প্রভাব বিস্তার না করা;

(জ) কাস্টমস কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কাস্টমস স্টেশনের রেকর্ড বা কাস্টমস কর্তৃপক্ষের অধিকারে থাকা কোনো তথ্য সংগ্রহ না করা;

(ঝ) লাইসেন্স সংশ্লিষ্ট কার্যক্রমে এইরূপ কোনো ব্যক্তিকে নিয়োগ না করা, যাহার লাইসেন্সের আবেদন বা কাস্টমস সরকার পারমিট ইস্যুর আবেদন ইতঃপূর্বে প্রত্যাখাত হইয়াছে বা বাতিল করা হইয়াছে;

(ঞ) কাস্টমস স্টেশনের কোনো কর্মচারীকে কোনো অর্থ কর্জ হিসাবে প্রদান না করা এবং এইরূপ কোনো কর্মচারী কর্তৃক গৃহীত কর্জ পরিশোধের জন্য জিম্মাদার না থাকা;

(ট) কাস্টমস এজেন্ট এর ব্যবসায়িক অফিসের ঠিকানা পরিবর্তন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে লাইসেন্সিং কর্তৃপক্ষকে উহা লিখিতভাবে অবগত করা;

(ঠ) লাইসেন্স সংশ্লিষ্ট আর্থিক লেনদেনের পূর্ণাঙ্গ দলিল এবং উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস দলিল, চিঠি, বিল ও হিসাব অন্যূন ৩ (তিন) বৎসর সময়ের জন্য নিজস্ব দপ্তরে সংরক্ষণ ও মজুদ রাখা;

(ড) কাস্টমস প্রক্রিয়া অসম্পন্ন থাকাবস্থায় কোনো বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট নিজের দখলে না রাখা;

(ঢ) কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোনো কাস্টমস কর্মকর্তা দফা (ঠ) এ বর্ণিত কোনো দলিল তলব করিলে উহা উপস্থাপন করা এবং উহার সম্পূর্ণ বা কোনো অংশবিশেষ গোপন, অপসারণ বা ধ্বংস না করা; এবং

(ণ) কাস্টমস সংক্রান্ত দায়িত্ব পালনে যথাযথ জ্ঞান, দক্ষতা, নিষ্ঠা প্রদর্শনের মাধ্যমে কাস্টমস কর্তৃপক্ষকে সর্বোচ্চ সহযোগিতা করা।

২১। **স্বাক্ষর প্রদানের ক্ষমতা।**—লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কাস্টমস এজেন্ট তাহার পক্ষে কাস্টমস সংক্রান্ত দলিলপত্রে স্বাক্ষর করিবার জন্য এক বা একাধিক ব্যক্তিকে তফসিলের **‘ফরম-ছ’** অনুযায়ী দলিল স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

২২। **লাইসেন্স সাময়িক স্থগিতকরণ।**—লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোনো কাস্টমস এজেন্ট এর অনুকূলে প্রদত্ত লাইসেন্স অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে বিধি ২৩ এর অধীন লাইসেন্স বাতিল করিবার পূর্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

২৩। **লাইসেন্স বাতিল এবং অর্থদণ্ড আরোপ।**—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত যে কোনো কারণে কাস্টমস এজেন্টকে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিয়া তাহার লাইসেন্স বাতিলসহ উপ-বিধি (২) এর অধীন ক্ষেত্রমত, অর্থদণ্ড আরোপ করিতে পারিবে, যথা :—

(ক) এই বিধিমালার কোনো বিধান বা লাইসেন্সে উল্লিখিত কোনো শর্ত ভঙ্গ করা হইলে;

(খ) কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রিতা বা অদক্ষতা প্রদর্শন করা হইলে;

(গ) কাস্টমস কর্মকর্তাগণের সহিত অসৌজন্যমূলক আচরণ করা হইলে;

(ঘ) স্বীয় গ্রাহকের আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের চালান সম্পর্কে কোনো মিথ্যা ঘোষণা উদঘাটনের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষকে যথাযথ সহযোগিতা প্রদানে ব্যর্থ হইলে;

(ঙ) কাস্টমস কর্মকর্তা কর্তৃক চাহিত তাহার আর্থিক লেনদেনের পূর্ণাঙ্গ দলিল, উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস দলিল এবং কাস্টমস সংশ্লিষ্ট ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট সকল চিঠি, বিল, হিসাব গোপন, অপসারণ বা ধ্বংস করিলে বা কাস্টমস কর্মকর্তাকে উক্ত রেকর্ডসমূহ প্রদর্শন করিতে অস্বীকৃতি জানাইলে;

(চ) ভয়-ভীতি, মিথ্যা অভিযোগ, বলপ্রয়োগ বা কোনো অন্যায় সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে কাস্টমস কর্মকর্তা বা কর্মচারীকে প্রভাবিত করিলে;

(ছ) গ্রাহক কর্তৃক কোনো মিথ্যা তথ্যের মাধ্যমে শুল্ক কর ফাঁকির ঘটনা সম্পর্কে অবগত হইবার পর কাস্টমস কর্মকর্তার নিকট উক্ত তথ্য অবহিত না করিলে;

(জ) স্বীয় গ্রাহক কর্তৃক শুল্ক কর ফাঁকির ঘটনায় সহযোগিতা করিলে;

(ঝ) প্রযোজ্য কোনো শুল্ক কর ফাঁকি বা প্রচলিত আইনের অধীন আরোপিত শর্ত বা নিষেধাজ্ঞা এড়াইবার উদ্দেশ্যে কোনো জাল দলিল প্রস্তুত করিয়া কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিলে;

(ঞ) প্রযোজ্য কোনো শুল্ক কর পরিশোধ না করিলে;

(ট) গ্রাহকের নিকট হইতে বিধি বহির্ভূত অর্থ আদায় বা তাহাকে অন্য কোনোরূপে হয়রানি করিলে;

(ঠ) কাস্টমস প্রক্রিয়া অসম্পন্ন থাকাবস্থায় কোনো বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অন্যূন ২ (দুই) বার লিখিতভাবে দাখিলের তাগিদ প্রদানের পরও উহা দাখিল না করিলে; এবং

(ড) এই বিধিমালার অধীন অর্পিত কোনো দায়িত্ব পালন না করিলে।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিলসহ লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কাস্টমস এজেন্টকে, ক্ষেত্রমত, নিম্নরূপ অর্থদণ্ড আরোপ করিতে পারিবে, যথা :—

(ক) কাস্টমস এজেন্ট এর কর্মকাণ্ড শুল্ক কর ফাঁকির সহিত সংশ্লিষ্ট না হইলে অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হইতে অনূর্ধ্ব ২ (দুই) লক্ষ টাকা;

(খ) কাস্টমস এজেন্ট কর্তৃক শুল্ক কর ফাঁকির প্রচেষ্টা করা হইলে এবং উক্ত কর ফাঁকি সংঘটিত না হইলেও উক্ত ফাঁকি সংঘটিত হইলে যেই পরিমাণ রাজস্ব ক্ষতি সাধিত হইত উহার অনধিক ২৫ (পঁচিশ) শতাংশ বা ১ (এক) লক্ষ টাকার মধ্যে যাহা অধিক হয়;

(গ) কাস্টমস এজেন্টের কর্মকাণ্ডের কারণে যেই পরিমাণ শুল্ক কর ফাঁকি হইয়াছে উহার অনধিক দ্বিগুণ পরিমাণ অর্থ বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা বা উহাদের মধ্যে যাহা অধিক হয়।

(৩) উপ-বিধি (১) এবং (২) এ যাহা কিছুই থাকুক না কেন, বিধি ১৫ এর উপ-বিধি (৫) এর অধীন গৃহীত কার্যক্রমের ক্ষেত্রে কাস্টমস এজেন্ট এর বিরুদ্ধে কোনো মামলা বা দাবিনামা চলমান থাকিলে উহা নিষ্পত্তি বা চূড়ান্ত না হওয়া পর্যন্ত লাইসেন্স বাতিল বা অর্থদণ্ডের বিষয়ে কোনো সিদ্ধান্ত গ্রহন করা যাইবে না।

(৪) উপ-বিধি (১) এর অধীন মূল লাইসেন্স বাতিল হইলে রেফারেন্স লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইবে এবং কাস্টমস কম্পিউটার সিস্টেমের মাধ্যমে তাহা তাৎক্ষণিক কার্যকর হইবে।

২৪। **আপিল।**—বিধি ২৩ এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি বা কাস্টমস এজেন্ট উপযুক্ত আপিল কর্তৃপক্ষ বরাবর আপিল দায়ের করিতে পারিবেন।

২৫। **কাস্টমস সরকার নিয়োগ ও যোগ্যতা।**—(১) কাস্টমস এজেন্টের পক্ষে শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করিবার লক্ষ্যে কাস্টমস এজেন্ট কাস্টমস সরকার নিয়োগ করিতে পারিবে।

(২) কাস্টমস এজেন্ট কাস্টমস সরকার নিয়োগের উদ্দেশ্যে, কাস্টমস সরকার পারমিট ইস্যুর জন্য সংশ্লিষ্ট প্রার্থীর নিম্নবর্ণিত কাগজাদিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে, যথা :—

(ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(খ) অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের সনদপত্রের সত্যায়িত কপি;

(গ) স্বীয় এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার বা ক্ষেত্রমত, জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অধীন নবম বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত চারিত্রিক সনদপত্র;

(ঘ) Customs Act, 1969, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতি এবং শুল্কায়ন প্রক্রিয়া সম্পর্কে কাস্টমস এজেন্ট এর বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যায়নপত্র (যদি থাকে)।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইন ও তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে পারমিট প্রার্থীর জ্ঞান ও গ্রাহককে যথাযথ সেবা প্রদানের যোগ্যতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট প্রার্থীর লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে কাস্টমস সরকার পারমিট ইস্যু করিবে।

(৪) কাস্টমস এজেন্ট উপ-ধারা (৩) অনুযায়ী প্রাপ্ত কাস্টমস সরকার পারমিটের ভিত্তিতে কাস্টমস সরকার নিয়োগ করিবে।

(৫) কাস্টমস সরকার পারমিটের মেয়াদ হইবে লাইসেন্স প্রদান বা নবায়নের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

২৬। **কাস্টমস সরকার পারমিট নবায়ন ও বাতিল।**—(১) বিধি ২৩ এ বর্ণিত যেই সকল কারণে লাইসেন্স বাতিল হইবে সেই সকল কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টমস সরকার পারমিট বাতিল করিতে পারিবেন।

(২) মূল বা রেফারেন্স লাইসেন্স বাতিল বা স্থগিত হইলে সংশ্লিষ্ট কাস্টমস সরকার পারমিট বাতিল বা স্থগিত মর্মে গণ্য হইবে।

(৩) মূল বা রেফারেন্স লাইসেন্স নবায়ন সাপেক্ষে, লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট কাস্টমস সরকার পারমিট নবায়ন করা যাইবে।

২৭। **কাস্টমস সরকারের দায়িত্ব ও কর্তব্য।**—কাস্টমস সরকারের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কাস্টমস সংক্রান্ত দায়িত্ব পালনে যথাযথ জ্ঞান, দক্ষতা, নিষ্ঠার প্রদর্শন এবং উক্ত দায়িত্ব পালনে কাস্টমস কর্তৃপক্ষকে সর্বোচ্চ সহযোগিতা করা;

(খ) কাস্টমস সরকার স্বীয় কাস্টমস এজেন্টের পণ্য চালান ব্যতীত অন্য কোনো পণ্য চালানের শুল্কায়ন বা খালাস এর সহিত যুক্ত হইতে পারিবেন না এবং একজন পারমিটধারী কাস্টমস সরকার একইসাথে শুধু একটি লাইসেন্স এর অধীন দায়িত্ব পালন করিবেন।

২৮। **কমিশন নির্ধারণ।**—বোর্ড, সময় সময়, আদেশ দ্বারা, কাস্টমস এজেন্ট কর্তৃক প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্য কমিশনের সর্বোচ্চ সীমা নির্ধারণ করিতে পারিবে।

২৯। **রহিতকরণ ও হেফাজতকরণ।**—(১) কাস্টমস এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০১৬, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত বা চলমান কোনো কার্যক্রম বা গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত, চলমান বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোনো মামলা বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

**তফসিল**

**পরীক্ষার সিলেবাস**

**[বিধি ৯ (২) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | বিষয় | নম্বর |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| (ক) | The Customs Act, 1969 এবং উহার অধীন প্রণীত বিধি এবং প্রজ্ঞাপন ও আদেশসমূহ | ৪০ |
| (খ) | বিদ্যমান আমদানি নীতি আদেশ এবং রপ্তানি নীতি | ১৫ |
| (গ) | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২<br>মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ | ১৫ |
| (ঘ) | Foreign Exchange Regulation Act, 1947 ও মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ | ১০ |

**ফরম-ক**

**(বিধি ৬ দ্রষ্টব্য)**

**কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রাপ্তির আবেদন**

| |
|---|
| পাসপোর্ট সাইজের<br>ছবি<br>৩ (তিন) কপি |

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ
-------------------
-------------------

মহোদয়,

আমি/আমরা --------------------------------------- কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর আওতায় কাস্টমস এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা :—

১। আবেদনকারীর পূর্ণ নাম :

২। জাতীয়তা :

৩। প্রতিষ্ঠানের নাম :

৪। প্রতিষ্ঠানের ঠিকানা : (মোবাইল ও টেলিফোন নম্বরসহ)

৫। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারিত্বমূলক, লিমিটেড কোম্পানি ইত্যাদি):

৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম :

৭। লাইসেন্স গ্রহণকারী কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম :

৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা :

৯। ট্যাক্স আইডেন্টিফিকেশন ও ভ্যাট নিবন্ধন নম্বর :

১০। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা :

১১। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা :

১২। লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানির নামে লাইসেন্স থাকিলে তাহার বিবরণ :

১৩। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে :

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স প্রাপ্তির পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ :

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সিল)

সংযুক্তি : (বিধি ৭ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)
নোট : আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**ফরম-খ**
**(বিধি ৬ ও ১২ দ্রষ্টব্য)**

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

**নিজস্ব পণ্য খালাসের জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন**

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ
-------------------

মহোদয়,

আমি/আমরা --------------------------------------- কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর আওতায় কাস্টমস এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা :—

১। কোম্পানির/প্রতিষ্ঠানের নাম :
২। কোম্পানির/প্রতিষ্ঠানের ঠিকানা : (মোবাইল ও টেলিফোন নম্বরসহ)
৩। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারিত্বমূলক, লিমিটেড কোম্পানি ইত্যাদি) :
৪। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম :
৫। কোম্পানির নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি :
৬। কাস্টমস এজেন্ট কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম :
৭। ই-টিআইএন নম্বর :
৮। মূল্য সংযোজন কর নিবন্ধনপত্রের সত্যায়িত কপি :
৯। ভ্যাট নিবন্ধন নম্বর :
১০। ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি :
১১। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা :
১২। কোম্পানির/প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা :
১৩। লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানির নামে লাইসেন্স থাকিলে তাহার বিবরণ :
১৪। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স প্রাপ্তির পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ :

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সিল)

সংযুক্তি : (বিধি ৭ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)
নোট : আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**ফরম-গ**
**[বিধি ১১ (১) (ঘ) দ্রষ্টব্য]**
**নিরাপত্তা জামানত**

পাসপোর্ট সাইজের
ছবি
৩ (তিন) কপি

২০-- সনের -------------------------নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাইতেছে যে, আমি/আমরা এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . টাকার দায়ে আমি/আমরা দৃঢ় ভাবে আবদ্ধ যাহা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে অদ্য দুই হাজার ------ সনের -----------মাসের -------- তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু ------------------------------------------- Customs Act 1969, (Act No. IV of 1969) এর section 207 এর আওতায় কাস্টমস এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং ---------------------------------------- section 219, উক্ত আইনের THIRD SCHEDULE এর item 21 এর সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হইতে সম্মত হইলাম, এবং

যেহেতু ------------------------------------ বাংলাদেশ সরকারের সহিত আমার, আমার করণিক এবং কর্মচারীর কাস্টম হাউস প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সাথে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরোল্লিখিত বন্ডের শর্ত এই যে যদি --------------------- এবং তাহার করণিক এবং কর্মচারী এই লাইসেন্স ধারণকালে নিজেরা উপরে বর্ণিত আচরণ কাস্টম হাউসের প্রবিধান মোতাবেক বিশ্বস্ততার সহিত সম্পাদন এবং কাস্টমস এজেন্ট হিসাবে তাহার কর্মকান্ড এবং যদি ---------------------- এবং তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যাহা ------------------ বা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরোল্লিখিত বন্ড অকার্যকর হইবে। অন্যথায় ইহা সম্পূর্ণরূপে কার্যকর থাকিবে এবং ইহার ভিত্তিতে এই মর্মে সম্মত হইয়া ঘোষণা করা হইতেছে যে, বাংলাদেশ সরকারের উপরিবর্ণিত --------- টাকা যাহা তাহার করণিক বা কর্মচারী বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য সরকার প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে পরিশোধের জন্য ব্যবহার করা যাইবে এবং এই মর্মে সম্মত হইয়াছি যে ------------- টাকা বাংলাদেশ সরকারের অনুকূলে ৬ (ছয়) মাস পর্যন্ত রক্ষিত থাকিবে যাহাতে ---------------------- কাস্টমস এজেন্ট লাইসেন্স বাতিল হওয়ার পর তাহার দ্বারা সংঘটিত কিন্তু উদঘাটিত হয়নি এইরূপ বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য প্রাপ্য অর্থ সরকার কর্তৃক আদায়ের জন্য এই বন্ড উল্লিখিত ৬(ছয়) মাস সময়ের জন্য কার্যকর থাকিবে। (ইহা আরও সম্মত হইয়াছি যে বাংলাদেশ সরকারের উপরোল্লিখিত ----------------- টাকা ------------------কর্তৃক তাহার আমদানিকারকের পক্ষে কৃত কোনো কার্যক্রমের ফলে কম পরিশোধিত শুল্ক বা অন্য কোনো চার্জ সম্পূর্ণ বা আংশিক পরিশোধের জন্য এই বন্ড কার্যকর হইতে পারে যদিও Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 32 অনুযায়ী দাবিনামা ইতোমধ্যে জারীকৃত হইয়াছে)।

উপস্থিত সাক্ষীগণের উপস্থিতিতে উপরোল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত
তারিখ-----------------

<u>সাক্ষীগণেরর নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষর</u>
১।-----------------------------------
২।----------------------------------
লাইসেন্সিং কর্তৃপক্ষ

**ফরম-ঘ**

**[বিধি ১১ (১) (ঙ) দ্রষ্টব্য]**

**বন্ড সম্পাদন**

২০---- সনের -------------------------নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাইতেছে যে, আমি/আমরা --------------------------- (ক) ---- ---------------------------------------------- (খ) এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট ------------------- টাকার দায়ে আমরা দৃঢ়ভাবে আবদ্ধ যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে অদ্য দুই হাজার ----------- সনের -------মাসের -------- তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু ------------------------------------------- (ক) -------------------------------------- Customs Act 1969, (Act No. IV of 1969) এর section 207 এর আওতায় কাস্টমস এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং ------------------------------------------ (খ) ------------------ section 219, উক্ত আইনের THIRD SCHEDULE এর item 21 এর সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হতে সম্মত হইলাম এবং যেহেতু ----------------------------- ------- বাংলাদেশ সরকারের সহিত আমার, আমার করণিক এবং কর্মচারীর কাস্টম হাউস প্রবিধান এবং কাস্টম হাউসের কর্মকর্তাদের সাথে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরোল্লিখিত বন্ড এর শর্ত হইতেছে এই যে ------------------------------- (ক) -------------------- ------উভয়ই এই প্রাধিকার ধারণকালে কাস্টম হাউসের প্রবিধান অনুযায়ী বিশ্বস্ততার ও দুর্নীতিবিহীনভাবে সর্বদা কার্য সম্পাদন করিব এবং কাস্টমস এজেন্ট হিসাবে তাহার কার্যক্রম এবং (খ) ------------------ তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা ------------------------------------- (ক) ----------------------------- এর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরোল্লিখিত বন্ড অকার্যকর হইবে, অন্যথায় ইহা সম্পূর্ণরূপে কার্যকর থাকিবে।

উপস্থিত সাক্ষীগণের উপস্থিতিতে উপরোল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত

তারিখ ---------

<u>সাক্ষীগণের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষর</u>

১।-----------------------------------

২।----------------------------------

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**ফরম-৬**

**[(বিধি ১১(২) দ্রষ্টব্য)]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**.................... কাস্টম হাউস/কমিশনারেট**

পাসপোর্ট
সাইজের ছবি
১ (এক) কপি

**কাস্টমস এজেন্ট লাইসেন্স/নিজস্ব পণ্য খালাসের জন্য লাইসেন্স/রেফারেন্স লাইসেন্স**

Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 207 এর আওতায় ------------------------- কাস্টম হাউস/কাস্টমস স্টেশনে, প্রযোজ্য ক্ষেত্রে, কাস্টমস এজেন্ট/ নিজস্ব পণ্য খালাসের জন্য কাস্টমস এজেন্ট/রেফারেন্স লাইসেন্স ব্যবহারের জন্য কাস্টমস এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০২০ মোতাবেক এই লাইসেন্স প্রদান করা হইল।

লাইসেন্স নম্বর :

ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম :

ঠিকানা :

টেলিফোন / মোবাইল/ ফ্যাক্স / ই-মেইল :

এই লাইসেন্সটি হস্তান্তরযোগ্য নয় এবং এই বিধিমালায় বর্ণিত কোনো কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়ন করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য বহাল থাকিবে।

২। এই লাইসেন্স ............................. কাস্টম হাউস/কাস্টমস স্টেশনের জন্য প্রযোজ্য হইবে।

তারিখ : (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল)
পূর্ণ ঠিকানা :

<u>লাইসেন্স নবায়ন-</u>

....................হইতে ................................পর্যন্ত

কর্তৃপক্ষের স্বাক্ষর

**ফরম-চ**
**(বিধি ১৭ দ্রষ্টব্য)**

**রেফারেন্স লাইসেন্স প্রাপ্তির আবেদন**

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ
-------------------
-------------------

মহোদয়,

আমি/আমরা --------------------------------------- কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর আওতায় কাস্টমস এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা :—

১। আবেদনকারীর পূর্ণ নাম :
২। জাতীয়তা :
৩। প্রতিষ্ঠানের নাম :
৪। প্রতিষ্ঠানের ঠিকানা : (টেলিফোন/মোবাইল নম্বরসহ)
৫। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারিত্বমূলক, লিমিটেড কোম্পানি ইত্যাদি) :
৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ ব্যবস্থাপনা পরিচালকগণের নাম :
৭। লাইসেন্স গ্রহণকারী কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম :
৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা :
৯। ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর :
১০। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা :
১১। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা :
১২। ফরম 'ঙ' তে প্রদত্ত লাইসেন্সের সত্যায়িত অনুলিপি :
১৩। লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানির নামে লাইসেন্স থাকিলে তাহার বিবরণ :
১৪। রেফারেন্স লাইসেন্স প্রাপ্তির আবেদন ইতঃপূর্বে প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে :

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স প্রাপ্তির পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ :

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সিল)

সংযুক্তি : (বিধি ৭ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)
নোট : আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**ফরম-ছ**
**[বিধি ২১ দ্রষ্টব্য]**

**কাস্টমস দলিলপত্র, ইত্যাদিতে স্বাক্ষর প্রদানের ক্ষমতাপত্র**

প্রেরক,
জনাব/মেসার্স -------------------------------------------------------

প্রাপক,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ,
-------------------------
------------------------।

মহোদয়,

আমি/আমরা ------------------------, ঠিকানা ------------------------- যথাবিহিত সন্মানপূর্বক অবহিত করিতেছি যে, আমরা নিম্নবর্ণিত সহকারী, ক্লার্ক বা ------------ কাস্টমস এজেন্ট এর প্রতিনিধিকে কাস্টম হাউস/ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ব্যবসায় যথা: (১) কাস্টমস দলিল অর্থাৎ বিল অব এন্ট্রি, বিল অব এক্সপোর্ট, ইত্যাদি (২) মেনিফেস্ট, ফেরৎ আদেশ বা ড্র-ব্যাকের বিলে স্বাক্ষর প্রদান (৩) অর্থ গ্রহণ বা প্রাপ্তি আনুমোদন, প্রভৃতি পরিচালনার জন্য স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিলাম।

সংরক্ষণের জন্য ক্ষমতাপ্রাপ্ত সকলের চারটি নমুনা স্বাক্ষর এতদসঙ্গে সংযুক্ত করা হইল।

আমি/আমরা এই মর্মে স্বীকৃতি প্রদান করিতেছি যে, উপরে বর্ণিত বিষয় সংশ্লিষ্ট কার্য সম্পাদনের ক্ষেত্রে এই স্বাক্ষরগুলি এই প্রতিষ্ঠানের এবং উপরে বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট কার্য সম্পাদনে কোনো দায়-দায়িত্বের উদ্ভব হইলে তাহা আমরা এইরূপে গ্রহণ করিব যেন এই স্বাক্ষরগুলি আমি/আমাদের ফার্ম কর্তৃক সম্পাদিত।

আপনার বিশ্বস্ত

১। জনাব------------------------------------------ স্বাক্ষর----------------------
২। জনাব----------------------------------------- স্বাক্ষর----------------------
৩। জনাব------------------------------------------ স্বাক্ষর----------------------
৪। জনাব------------------------------------------ স্বাক্ষর----------------------

(২.০০ টাকা
মূল্যমানের কোর্ট ফি স্টাম্প সংযুক্ত)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
চেয়ারম্যান।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd